গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
স্থানীয় সরকার শাখা
www.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ৪৬.১০.০০০০.০০৯.৯৯.০১৮.২৪.১৩

তারিখ: ২৬ পৌষ ১৪৩০ / ১০ জানুয়ারি ২০২৪

আন্তঃজেলা খেয়াঘাটসমূহের সীলমোহরকৃত দরপত্র বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২ (৫২৭২) নং স্মারকের হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কে নীতিমালার সকল শর্ত মোতাবেক বরিশাল বিভাগাধীন নিম্নবর্ণিত আন্তঃজেলা খেয়াঘাটসমূহের বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের উদ্দেশ্যে পেশাদার পাটনী/সকল আগ্রহী ব্যক্তির নিকট থেকে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, ১ম পর্যায় শুধুমাত্র **"জন্মগত পেশাদার পাটনীদের"** নিকট থেকে এবং ২য় পর্যায় হতে সর্বসাধারণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্দিষ্ট ফরমে সীলমোহরকৃত দরপত্র নির্দেশক্রমে আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	আন্তঃজেলা খেয়াঘাটের নাম, উপজেলার নাম ও জেলার নাম	বাংলা ১৪৩১ সনের ইজারার জন্য সম্ভাব্য মূল্য	দরপত্রের মূল্য
০১	শৌলজালিয়া-বেতাগী কাঠালিয়া, ঝালকাঠি এবং বেতাগী, বরগুনা	৮,৫২,৫০০/-	৭০০/-
০২	কচুয়া-বেতাগী কাঠালিয়া, ঝালকাঠি এবং বেতাগী, বরগুনা	৪৯,৭২,০০০/-	১৫০০/-
০৩	দক্ষিণ সওদাগরপাড়া-নিজামপুর তালতলী, বরগুনা এবং কলাপাড়া, পটুয়াখালী	৯,৪৬,৮২৫/-	৭০০/-
০৪	দপদপিয়া নলছিটি, ঝালকাঠি এবং বরিশাল সদর, বরিশাল	১২,১০,০০০/-	১০০০/-
০৫	জালালপুর-সওদাগরপাড়া তালতলী, বরগুনা এবং কলাপাড়া, পটুয়াখালী	৪,২৫,৭০০/-	৭০০/-
০৬	ফতেপুর-নিউপাড়া তালতলী, বরগুনা এবং কলাপাড়া, পটুয়াখালী	৪,২৪,০৫১/-	৭০০/-
০৭	পাতাবুনিয়া দুমকী, পটুয়াখালী এবং বাকেরগঞ্জ, বরিশাল	৫,৫০,১১০/-	৭০০/-
০৮	গৈয়াতলা-কাজীখোলা তালতলী, বরগুনা এবং কলাপাড়া, পটুয়াখালী	৪,৭৮,৫০০/-	৭০০/-
০৯	আফালকাঠী বাউফল, পটুয়াখালী এবং বাকেরগঞ্জ, বরিশাল	৪১,২৫০/-	৫০০/-
১০	হাফেজপ্যাদা আমতলী, বরগুনা এবং কলাপাড়া, পটুয়াখালী	২০,৭১৩/-	৫০০/-
১১	কাঠালিয়া-মোকামিয়া কাঠালিয়া, ঝালকাঠি এবং বেতাগী, বরগুনা	৩,৭১,৮০০/-	৭০০/-
১২	জয়খালী-মোকামিয়া কাঠালিয়া, ঝালকাঠি এবং বেতাগী, বরগুনা	২,৮৮,২০০/-	৭০০/-

দরপত্র বিজ্ঞপ্তির সময়সূচি

আহ্বানের পর্যায়	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	সিডিউল দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলা ও দরপত্র কমিটির সভার তারিখ ও সময়	মন্তব্য
১ম	২৮-০১-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৯-০১-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	২৯-০১-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	শুধুমাত্র "জন্মগত পেশাদার পাটনীর" জন্য
২য়	০৪-০২-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৫-০২-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	০৫-০২-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	সর্বসাধারণের জন্য
৩য়	১১-০২-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১২-০২-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	১২-০২-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ
৪র্থ	১৮-০২-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৯-০২-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	১৯-০২-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ
৫ম	২৫-০২-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৭-০২-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	২৭-০২-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ
৬ষ্ঠ	০৩-০৩-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৪-০৩-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	০৪-০৩-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ
৭ম	১০-০৩-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১১-০৩-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	১১-০৩-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ
৮ম	১৮-০৩-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৯-০৩-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	১৯-০৩-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ
৯ম	২৪-০৩-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৫-০৩-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	২৫-০৩-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ
১০ম	৩১-০৩-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০১-০৪-২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	০১-০৪-২০২৪ তারিখ বিকেল ০৩:৩০ টা	ঐ

" শর্তাবলী "

১। উপরোক্ত খেয়াঘাট বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদান করা হবে।

২। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসের অফিস সময় পর্যন্ত বিভাগীয় কমিশনার, বরিশাল এর কার্যালয় এবং বরিশাল, পটুয়াখালী, বরগুনা ও ঝালকাঠি জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। ১/- টাকা হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত ইজারা মূল্যের খেয়াঘাটের দরপত্র ফরম ৫০০/- টাকা, ১,০০,০০১/- টাকা হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত ইজারা মূল্যের খেয়াঘাটের দরপত্র ফরম ৭০০/- টাকা, ১০,০০,০০১/- টাকা হতে ২০,০০,০০০/- টাকা পর্যন্ত ইজারা মূল্যের খেয়াঘাটের দরপত্র ফরম ১,০০০/- টাকা এবং ২০,০০,০০০/- টাকার তদূর্ধ্ব ইজারা মূল্যের খেয়াঘাটের দরপত্র ফরম ১,৫০০/- টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

৩। দরপত্র বিজ্ঞপ্তির নির্ধারিত তারিখে সকাল ১০:০০ টা হতে বেলা ০১:০০ টা পর্যন্ত বিভাগীয় কমিশনার, বরিশাল এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র ফেলা যাবে। একই দিনে বেলা ০৩:৩০ টায় উল্লিখিত অফিসসমূহে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৪। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের (এমআইসিআর চেকের) মাধ্যমে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল, জনতা ব্যাংক, কর্পোরেট শাখা, বরিশাল এর চলতি হিসাব নং ০০১০-৬২৬৬৭ অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। দরপত্র গৃহীত না হলে জামানত ফেরৎযোগ্য।

৫। দরপত্র ফরম-এর সাথে সাম্প্রতিক তোলা ০১ (এক) কপি রঙ্গিন ছবি ও জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করতে হবে। দরপত্র ফরম-এ কোন কাটাকাটি, ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে। দরপত্র ফরম-এ উল্লিখিত যাবতীয় কলাম যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

৬। বর্ণিত আন্তঃজেলা খেয়াঘাটের এবং দরপত্রের বিষয়ে কারো কোন তথ্য জানার প্রয়োজন হলে যে কোন কার্যদিবসে ২ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয় হতে জানতে পারবে।

৭। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২ (৫২৭২) নং স্মারকে ইস্যুকৃত হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ধৃত আয় বন্টন সম্পর্কে নীতিমালা মোতাবেক দরপত্রদাতা জন্মগত পেশাদার পাটনী হলে দরপত্রের সাথে জন্মগত পেশাদার পাটনীর স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র (হালনাগাদ) সংযুক্ত করতে হবে।

৮। দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশ্যই খেয়াঘাটের সমুদয় ইজারা মূল্য একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাবদ জমাকৃত অর্থ (ব্যাংক ড্রাফট) বাজেয়াপ্ত হবে এবং দরপত্র বাতিলক্রমে যথাশীঘ্র সম্ভব পুনরায় দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। দখল গ্রহণের পূর্বেই ইজারাদার কর্তৃক উদ্ধৃত মূল্যের উপর ১০% হারে আয়কর ১-১১৪১-০০৭৫-০১১১ খাতে এবং ১৫% হারে ভ্যাট ১-১১৩৩-০০০১-০৩১১ খাতে (ইজারা মূল্যের অতিরিক্ত) যে কোন সোনালী ব্যাংক লিঃ এর জেলা শাখায় (অনলাইনে চালান ভেরিফিকেশন এর সুবিধার্থে) চালানের মাধ্যমে জমা প্রদান করে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল কার্যালয়ে চালানের মূল কপি জমা প্রদান করতে হবে।

১০। গৃহীত দরপত্রের সমুদয় টাকা, আয়কর ও ভ্যাটের টাকা পরিশোধ করার পর খেয়াঘাটের দখল ইজারা কমিটির আহ্বায়ক এর পক্ষে পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে সংশ্লিষ্ট ইজারাদারের অনুকূলে বুঝিয়ে দেয়া হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক কিংবা তার প্রতিনিধি কর্তৃক নির্ধারিত স্থানেই ইজারাদার ঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

১১। প্রতিটি খেয়াঘাটের উভয় পাড়ে জনসাধারণসহ বিভিন্ন যানবাহন/মালামাল পারাপারের টোল রেইট (কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত) ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ্য স্থানে লটকিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন এবং অতিরিক্ত টোল আদায় করলে আইনত দন্ডনীয় হবেন।

১২। ইজারাদার কোনক্রমে ইজারাপ্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট পুনঃইজারা বা সাব লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লঙ্ঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার আইনত দন্ডনীয় হবেন।

১৩। খেয়াঘাটের যাত্রীদের চলাচলের জন্য নিজ ব্যয়ে উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা/ঘাট ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষন করবেন। তিনি নিজ ব্যয়ে খেয়াঘাট এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

১৪। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। খেয়াঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ দরপত্রদাতাকে মেনে চলতে হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। দখলনামা যে দিনই সম্পাদিত হোক না কেন ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধের দিন হতে দখল হস্তান্তরিত হয়েছে মর্মে পরিগণিত হবে। তবে ০৮নং ক্রমিক অনুযায়ী সমুদয় অর্থ পরিশোধ করতে হবে।

১৭। খেয়াঘাটের দখল যে দিনই প্রদান/গ্রহণ করা হোক না কেন ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মর্মে গণ্য হবে। প্রতিটি খেয়াঘাটের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

১৮। উপরোক্ত ০৪, ০৫ ও ০৭ নং ক্রমিকের তথ্যসমূহ যথাযথভাবে পালন করে দরপত্র দাখিল করতে হবে।

স্বাক্ষরিত/-

(দীপক ত্রিপুরা)
উপপরিচালক (অ.দা.)
ফোন : ০২৪৭৮৮৬৩৬৮৩
e-mail: dlgdiv.barisal@gmail.com

স্মারক নম্বর: ৪৬.১০.০০০০.০০৯.৯৯.০১৮.২৪.১৩

২৬ পৌষ ১৪৩০
তারিখ:
১০ জানুয়ারি ২০২৪

বিতরণ:

১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বরিশাল ও আহ্বায়ক, আন্তঃজেলা খেয়াঘাট ইজারা কমিটি।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল/জেলা পরিষদ, পটুয়াখালী/বরগুনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল/পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠি।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর/নলছিটি/বাকেরগঞ্জ/বাউফল/কলাপাড়া/কাঠালিয়া/আমতলী/তালতলী/বেতাগী/দুমকী (বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।
৫। চেয়ারম্যান, বেতাগী, শৌলজালিয়া, মহিপুর, বড়বগী, দপদপিয়া, নীলগঞ্জ, নলুয়া, আংগারিয়া, কাছিপাড়া, আমতলী, ধানখালী, কাঠালিয়া ও মোকামিয়া ইউনিয়ন পরিষদ (বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, বরিশাল/পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠি (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো, বিজ্ঞপ্তিটির বিষয়ে স্থানীয় পত্রিকায় প্রেস রিলিজ প্রেরণসহ তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় মাইকিং, ঢোল সহরত এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হল)।
৩। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বরিশাল (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। জেলা তথ্য অফিসার, বরিশাল/পটুয়াখালী/বরগুনা/ঝালকাঠি (বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।
৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, বরিশাল (বিজ্ঞপ্তিটি বেতারের সংবাদে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
৬। সহকারী কমিশনার (ভূমি), বরিশাল সদর/নলছিটি/বাকেরগঞ্জ/বাউফল/কলাপাড়া/কাঠালিয়া/আমতলী/তালতলী/বেতাগী/দুমকী (বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হল)।
৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো) ।
৮। জনাব..
.... (প্রাক্তন/বর্তমান ইজারাদার)।

১০.০১.২০২৪

(দীপক ত্রিপুরা)
উপপরিচালক (অ.দা.)
ফোন : ০২৪৭৮৮৬৩৬৮৩
e-mail: dlgdiv.barisal@gmail.com